প্রধান প্রকৌশলীর দপ্তর, পানি বিজ্ঞান
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
৭২, গ্রীণ রোড, ঢাকা।
ফোনঃ ৪৮১১২২৯১, ৪৮১১২৩২০, ৪৮১১২২৮৪
ই-মেইল ঃ cehydrologybwdb@yahoo.com

Office of the Chief Engineer Hydrology
Bangladesh Water Development Board
72 Green Road, Dhaka.
Phone: 48112291, 48112320, 48112284
e-mail: cehydrologybwdb@yahoo.com

# "সার্কুলার"

স্মারক নং- ৪২.০১.০০০০.০৪২.৬৭.০০৫.২২.১১২

তারিখঃ ২০-০৩-২০২৩খ্রিঃ

২০২৩ইং সনে বন্যা মৌসুমে মন্ত্রণালয় ও বোর্ডের বন্যায় ক্ষয়ক্ষতি ও বন্যা সম্পর্কিত অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে নিম্নবর্ণিত পদক্ষেপগুলি গ্রহণ করার জন্য নির্দেশ দেয়া যাচ্ছে।

ক) বন্যা সংক্রান্ত বিশেষ দৈনিক বিবরণঃ

বন্যা মৌসুম শুরু হওয়ার সঙ্গে সঙ্গে যখনই কোন স্থান বন্যা কবলিত হয় তখনি টেলিফোন, ফ্যাক্স, ই-মেইল বা নিজস্ব সংবাদ দাতা মারফত ক্ষয়ক্ষতির পূর্ণ বিবরণী নিম্নলিখিত ঠিকানায় বেলা ৪ ঘটিকার মধ্যে জানাতে হবেঃ

| ঠিকানা | টেলিফোন নম্বর | ফ্যাক্স নং | ই-মেইল |
|---|---|---|---|
| নির্বাহী প্রকৌশলী<br>বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র<br>বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড<br>পানি ভবন(৩য় তলা)<br>গ্রীনরোড, ঢাকা ১২০৫। | ৮৮-০২-২২২২-৩০০৭০<br>৮৮-০২-২২২২-৩০০৭১ | ৮৮-০২-৯৫৫৭৩৮৬ | ffwcbwdb@gmail.com<br>ffwc05@yahoo.com,<br>ffwc@bwdb.gov.bd |
| কর্তব্যরত অফিসার<br>বন্যা তথ্য কেন্দ্র<br>পানি ভবন(৩য় তলা)<br>গ্রীনরোড, ঢাকা ১২০৫। | ৮৮-০২-২২২২-৩০০৭০<br>৮৮-০২-২২২২-৩০০৭১ | ৮৮-০২-৯৫৫৭৩৮৬ | ffwcbwdb@gmail.com<br>ffwc05@yahoo.com,<br>ffwc@bwdb.gov.bd |

বিভিন্ন স্থান হতে বন্যার তথ্যাদি সংগ্রহ এবং উপর্যুক্ত ঠিকানায় যথাসময়ে পাঠানোর জন্য প্রত্যেক ফিল্ড অফিসে একটি জরুরী তথ্য কেন্দ্র স্থাপন করতে হবে। একজন দায়িত্বশীল ব্যাক্তি উক্ত কেন্দ্রের দায়িত্বে নিয়োজিত থাকবেন, যাতে টেলিফোনযোগে উপর্যুক্ত স্থানে সময়মত বন্যার ক্ষয়ক্ষতি সংক্রান্ত তথ্যাদি পৌঁছাতে পারেন। উক্ত তথ্য কেন্দ্রের টেলিফোন নম্বর কেন্দ্রীয় বন্যা তথ্য কেন্দ্র, ঢাকাতে জানাতে হবে। বন্যা সংক্রান্ত প্রত্যেক রিপোর্টে নিম্ন লিখিত বিষয়গুলির উল্লেখ থাকতে হবেঃ

১। মোট বন্যা প্লাবিত এলাকা (বর্গ কিলোমিটার)।
২। মোট প্লাবিত ফসল এলাকা (বর্গ কিলোমিটার)।
৩। মানুষ গবাদি পশুর প্রাণ হানির সংখ্যা ও আশংকা।
৪। মোট ক্ষতিগ্রস্থ বাড়ীর সংখ্যা।
৫। মোট রাস্তা ঘাট, রেল লাইন ও নদী তীর ভাঙ্গন (মিটার)।
৬। পানি উন্নয়ন বোর্ড প্রকল্পাধীন অবকাঠামোর ক্ষয়ক্ষতির বিবরণ।
৭। অন্যান্য আনুষাঙ্গিক তথ্যাদি।

উপর্যুক্ত তথ্যাদির কিছু অংশ প্রশাসন বিভাগীয় কর্মকর্তাদের দপ্তর হতে সংগ্রহ করা যাবে। এখানে উল্লেখ করা যেতে পারে যে, উপর্যুক্ত দৈনিক তথ্যাদিতে কোন ভুল ত্রুটি থাকলে, তা সাপ্তাহিক বন্যার রিপোর্টে শুদ্ধ করে নিতে হবে। এতদসঙ্গে ইহাও মনে রাখতে হবে যে, কোন রকম ক্ষয়ক্ষতি শুরু না হলেও শূন্য রিপোর্ট দিতে হবে। কোন ক্ষয়ক্ষতি শুরু হওয়ার পর যদি পরবর্তীতে উহা বৃদ্ধি পায় তা হলে পূর্বের সপ্তাহ পর্যন্ত ক্রমপুঞ্জিভূত ক্ষয়ক্ষতির এডিশনাল প্রেরণ করতে হবে।

উপর্যুক্ত ব্যবস্থা অতিসত্তর করার জন্য সকল পরিচালক/তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ নির্বাহী প্রকৌশলীগণকে নির্দেশ দেয়া যাচ্ছে। পরিচালক /তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণকে আরো অনুরোধ করা যাচ্ছে যে, তাঁরা যেন তাদের অধীনস্থ সকল নির্বাহী প্রকৌশলীকে দৈনিক বন্যার রিপোর্ট তৈরী করার ব্যাপারে সর্বোতভাবে সাহায্য করার প্রয়োজনীয় নির্দেশ জারী করেন। এখানে উল্লেখ্য যে, কোন রকম বন্যার ক্ষয়ক্ষতির আশংকা দেখা দিলে উহা তাৎক্ষণিকভাবে মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, সচিব, পানি উন্নয়ন বোর্ডের মহাপরিচালক, অতিঃ মহাপরিচালক, পূর্ব রিজিওন/পশ্চিম রিজিওন, চীফ মনিটরিং ও "বন্যা তথ্য কেন্দ্র" বরাবর টেলিফোন/ফ্যাক্স/প্রতিবেদন আকারে অবহিত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

P/T/O

এছাড়া ফ্লাশ ফ্লাড প্রবণ এলাকাসমূহে নদীর পানি সমতল বিপদসীমা অতিক্রম করিবার পূর্বেই বাঁধের দুর্বলতম স্থানে সার্বক্ষণিক তদারকির ব্যবস্থা গ্রহণ করে স্থানীয় জনগণকে সতর্কমূলক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করতে হবে।

খ) সাপ্তাহিক বন্যা বিবরণীঃ

আগত বন্যা মৌসুমে বন্যার বিভিন্ন তথ্যাদি সংগ্রহ করে "সাপ্তাহিক বন্যা বিবরণী প্রস্তুতের জন্য সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণ নিম্নলিখিত নির্দেশগুলি পালন করবেন"।

১। বন্যা প্লাবিত এলাকায় লাল রং দ্বারা একটি সূচক (ইনডেক্স) মানচিত্র (১ ইঞ্চিতে ৪ মাইল) সূচক মানচিত্রটি বন্যা প্লাবিত এলাকায় গ্রাম, রেল লাইন, কালভার্ট, ব্রিজ ও অন্যান্য স্থায়ী যে কোন বস্তুর পরিপ্রেক্ষিতে চিহ্নিত করতে হবে।

২। বন্যা সম্পর্কিত তথ্যাদি পাঠানোর সময় বন্যাজনিত ক্ষয়ক্ষতির উপর মোটামুটি ধারণা করার সুবিধার জন্য নিম্নলিখিত বিষয়গুলি সম্বন্ধে বিশেষভাবে লক্ষ্য রাখতে হবে।

(ক) বন্যা আক্রান্ত এলাকায় প্রাণহানির সংখ্যা (১) পুরুষ (২) মহিলা।
(খ) বন্যার কারণ এবং স্থায়িত্ব।
(গ) বন্যা আক্রান্ত এলাকার আয়তন, তৎসহ স্বাভাবিক বন্যা আক্রান্ত এলাকা। বন্যার বিভিন্ন গভীরতার জন্য বিভিন্ন রং এর ব্যবহার।
(ঘ) নদীর অববাহিকা অনুযায়ী বন্যার ক্ষয়ক্ষতি এবং তৎসংগে নদীর তীর বন্যা বাঁধ ও এলাকার ভাঙ্গন বা বিলীন।
(ঙ) বন্যায় ক্ষতিগ্রস্থ আংশিক এবং সম্পূর্ণ সরকারী বেসরকারী বাড়ী ঘরের সংখ্যা।
(চ) বন্যা আক্রান্ত এলাকাসমূহ চিহ্নিতকরণ এবং ফসলহানির পরিমাণ, ক্ষয়ক্ষতির শতকরা হিসাব ও তার আনুমানিক মূল্য।
(ছ) বন্যা আক্রান্ত এলাকায় গবাদি পশুর প্রাণহানির সংখ্যা যেমনঃ গরু, ছাগল, ভেড়া, মহিষ ইত্যাদি এবং আনুমানিক মূল্য।
(জ) ফলবান বৃক্ষ ও সাধারণ গাছপালার ক্ষয়ক্ষতির সংখ্যা ও আনুমানিক মূল্য।
(ঝ) রাস্তা, সেতু, রেল লাইন ও কালভার্টের ক্ষতি ও আনুমানিক মূল্য।
(ঞ) বন্যার যে কোন তথ্যাদি যাহা বন্যার ক্ষয়ক্ষতির পরিমাপক।
(ট) উপর্যুক্ত মতে পানি উন্নয়ন বোর্ডের সম্পত্তির ক্ষয়ক্ষতির প্রতিবেদন পরিশিষ্ট "২, ৩, ৪ ও ৫" ছক পূরণ করে পাঠাতে হবে।

৩। সংযুক্ত তালিকাভূক্ত (পরিশিষ্ট-১) বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের নির্বাহী প্রকৌশলীগণ তাঁহাদের নিজস্ব আওতাভূক্ত এলাকার থানা ভিত্তিক এবং সম্ভব হলে জেলা ভিত্তিক বন্যা সংক্রান্ত প্রয়োজনীয় তথ্যাদি এতদসঙ্গে নির্ধারিত ছকে (পরিশিষ্ট-২, ৩, ৪ ও ৫) পাঠাবার জন্য দায়ী থাকবেন। প্রয়োজনীয় তথ্যাদি সরাসরি নির্বাহী প্রকৌশলী, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র, পানি উন্নয়ন বোর্ড, ৩য় তলা, পানি ভবন, লেভেল-২, কক্ষ নং-২১৪ ঢাকা এই ঠিকানায় পাঠাতে হবে। বিস্তারিত তথ্যাদি প্রয়োজনীয় স্কেলের সূচক মানচিত্রের জন্য বিভিন্ন রং ব্যবহার করে এবং বন্যা প্লাবিত এলাকা দেখায়ে পূর্ববর্তী সপ্তাহের (শুক্রবার হতে বৃহস্পতিবার) জন্য প্রত্যেক রিপোর্ট পরবর্তী শনিবারের মধ্যে পাঠাতে হবে। জরুরী অবস্থায় বিশেষ বাহক মারফত বন্যার তথ্যাদি পাঠাতে হবে। যদি কোন বন্যাজনিত ক্ষয়ক্ষতি না হয়ে থাকে তবে শূন্য রিপোর্ট প্রেরণ করতে হবে।

৪। এ বিষয়ে স্ব স্ব জেলার আওতাধীন পানি উন্নয়ন বোর্ডের অন্যান্য অফিস হতে ও নির্বাহী প্রকৌশলীগণ সংশ্লিষ্ট সংস্থার সাহায্য এবং সহযোগীতা গ্রহণ করবেন। মফঃস্বল হতে প্রাপ্ত সপ্তাহের সমস্ত রিপোর্ট প্রধান, মনিটরিং এর দপ্তর একাত্রিত করবেন এবং সাপ্তাহিক ক্ষয়-ক্ষতির বিবরণ যত শীঘ্র সম্ভব অতিঃ মহাপরিচালক, পূর্ব রিজিওন/পশ্চিম রিজিওন-এর নিকট দাখিল করবেন। সাপ্তাহিক বন্যা রিপোর্ট এর অনুলিপি একই সংগে নিম্ন লিখিত কর্মকর্তার নিকট অবগতির জন্য পাঠাতে হবে।

৫। সচিব, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড কর্তৃক জারীকৃত দপ্তরাদেশ নং-৩৩৪-বাপাউবো(সচি)/পওর-১ তারিখ ঃ ৩০-০৩-২০০২খ্রিঃ এর সাথে সংযুক্ত সরকার প্রণীত দুর্যোগ বিষয়ক স্থায়ী আদেশাবলী যথাযথভাবে পালন করতে হবে।

সংযুক্তিঃ- ১) নির্বাহী প্রকৌশলী ও বিভিন্ন জায়গার নামের তালিকা (পরিশিষ্ট-"১")
২) সাপ্তাহিক বন্যা বিবরণ ছক (পরিশিষ্ট-২, ৩, ৪ ও ৫)

আদেশক্রমে,

২০/৩/২০২৩

(মোঃ আব্দুল হান্নান)
প্রধান প্রকৌশলী
পানি বিজ্ঞান
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড, ঢাকা।
মোবাইল ঃ ০১৩১৮২৩৪৮২৮

স্মারক নং- ৪২.০১.০০০০.০৪২.৩৭.০০৫.২১.১১২ তারিখঃ ২০-০৩-২০২৩খ্রিঃ

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ( জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ-

১। প্রধান প্রকৌশলী/ অতিঃ প্রধান প্রকৌশলী (সকল)।

২। প্রধান প্রকৌশলী, মনিটরিং, বাপাউবো, ঢাকা

৩। প্রধান প্রকৌশলী, পরিকল্পনা, বাপাউবো, ঢাকা।

৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রসেসিং এন্ড ফ্লাড ফোরকাষ্টিং সার্কেল/ ভূ-পরিস্থ পানি বিজ্ঞান সার্কেল, বাপাউবো, ঢাকা

৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ প্রকল্প পরিচালক/ পরিচালক(সকল)।

৬। পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।

৭। চীফ স্টাফ অফিসার টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৮। সিস্টেম এনালিষ্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। সার্কুলারটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ।

৯। নির্বাহী প্রকৌশলী (সকল বিভাগীয়)।

১০। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বালাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১১। মাননীয় উপমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বালাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৩। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (সকল), বাপাউবো, ঢাকা।

১৪। ব্যক্তিগত সহকারী, বোর্ড সচিব, বাপাউবো, ঢাকা।

১৫। অফিস/মাস্টার কপি।

২০/৩/২০২৩

(ফেরদৌস আরা)
উপ-পরিচালক (প্রঃ)
প্রধান প্রকৌশলীর দপ্তর, পানি বিজ্ঞান
বাপাউবো, ঢাকা।